# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

| প্যাকেজ নং | লট নং | দরপত্রের নাম |
|---|---|---|
| ০১ | ০১ | গাজীপুর ১০৫ মেগাওয়াট এইচএফও ফায়ার্ড পাওয়ার প্ল্যান্ট এর আগামী তিন বছরে সম্ভাব্য মজুদ ফার্নেস অয়েল স্লাজ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়করণ। |
| ০১ | ০২ | রাউজান ২৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট এর আগামী তিন বছরে সম্ভাব্য মজুদ ফার্নেস অয়েল স্লাজ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়করণ। |

| | | |
|---|---|---|
| দরপত্রের সূত্র | : | স্মারক নং: ২৭.২৬.০০০০.০০৩.১৯.০০৫.১৯.৪৭৪;<br>তারিখ: ০৯/১১/২০২০খ্রিঃ |
| মালামালের বিবরণ | : | ফার্নেস অয়েল স্লাজ |
| নিলাম পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) |

নভেম্বর-২০২০

# দরপত্র দলিল

স্মারক নং:২৭.২৬.০০০০.০০৩.১৯.০০৫.১৯.৪৭৪

তারিখ: ০৯/১১/২০২০ খ্রিঃ

ক) ভূমিকাঃ

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর আওতাধীন গাজীপুর ১০৫ মেগাওয়াট এইচএফও ফায়ার্ড পাওয়ার প্ল্যান্টে এবং রাউজান ২৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট এর আগামী তিন বছরে সম্ভাব্য মজুদ ফার্নেস অয়েল স্লাজ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| খ) | **মালামালের নাম, বিবরণ, অবস্থান ও দর প্রদান** | : | বিস্তারিত সংযুক্তি ১ ও ২। |
| গ) | **নিলাম দরপত্র দলিল** সংগ্রহের **স্থান** | : | রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। তাছাড়া আরপিসিএল এর নিজেস্ব ওয়েব সাইট (www.rpcl.gov.bd) থেকে সংগ্রহ করে দরপত্র দাখিল করা যাবে। |
| ঘ) | **দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়সীমা** | : | আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের ছক (সংযুক্তি-১/২) অনুযায়ী নির্বাহী পরিচালক (প্রকৌশল), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ বরাবর আগামী ৩০/১১/২০২০ ইং তারিখে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে মুখবন্ধ খামে দরপত্র জমা প্রদান করবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। খামের উপরে নিলাম দরপত্র, প্যাকেজ নং, লট নং এবং বিদ্যুৎ কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। "৩০/১১/২০২০ ইং বেলা ১২.৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না" এ নির্দেশনা লিখেতে হবে। নির্ধারিত সময়ে ডাকযোগে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবে। |
| ঙ) | **নিলাম দরপত্র খোলার তারিখ ও সময়সীমা** | : | নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত দরপত্র সমূহ আগামী **৩০/১১/২০২০ খ্রিঃ** তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ তে উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে এবং পরবর্তীতে মূল্যায়ন কমিটি কর্তৃক যথারীতি মূল্যায়ন করা হবে। |
| চ) | **দরপত্র জামানত** | : | দরপত্রের উদ্ধৃত মোট মূল্যের নূন্যতম ৩.৫% (তিন দশমি পাঁচ শতাংশ) টাকা 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। |
| ছ) | **দরপত্রের অন্যান্য শর্তাবলীঃ** | : | |

১) একজন দরদাতা একটি লটের বিপরীতে একাধিক দরপত্র দাখিল করতে পারবে না। প্রতিটি লটের জন্য পৃথক পৃথক খামে দরপত্র দাখিল করতে হবে। প্রতিটি লট আলাদাভাবে মূল্যায়ন করা হবে।

২) গাজীপুর ১০৫ মেগাওয়াট এইচএফও ফায়ার্ড পাওয়ার প্ল্যান্টে এর জন্য প্রতি লিটার ফার্নেস অয়েল স্লাজ এর ন্যূনতম নিলাম মূল্য ৪.৫০ (চার দশমিক পাঁচ শূন্য) টাকা এবং রাউজান ২৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট এর জন্য প্রতি লিটার ফার্নেস অয়েল স্লাজ এর ন্যূনতম নিলাম মূল্য ৪.০০ (চার) টাকা। উক্ত মূল্যের কমে দরপত্র গ্রহণ করা হবে না।

৩) নিলামকৃত মালামাল সমূহ ২৯/১১/২০২০ খ্রি: তারিখ পর্যন্ত প্রতিদিন (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক নির্ধারিত স্থান পরিদর্শন করা যাবে এবং এতদ্ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৪) আগ্রহী দরদাতাগণ অবশ্যই নিলামকৃত মালামালের অবস্থান, প্রকৃতি, ধরণ ইত্যাদি সম্বন্ধে অবগত হওয়ার পর মালামালের দর প্রদান করবেন। পরবর্তীতে মালামাল গ্রহণের সময় কোনরূপ অভিযোগ গ্রহণ করা হবে না।

৫) দরপত্রে কোন কাটা ছেড়াঁ/ঘষামাজা গ্রহণযোগ্য নয়। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। অংক এবং কথার মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে কথায় লিখিত দর মূল্যায়নের জন্য বিবেচ্য হবে।

৬) দরদাতা কর্তৃক দরপত্রে স্বাক্ষর করতে হবে এবং পূর্ণাঙ্গ ঠিকানা লিখতে হবে। অন্যথায় দরদাতার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৭) আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজ পত্র যেমন-(১) ট্রেড লাইসেন্স, (২) হাল নাগাদকৃত টিআইএন সার্টিফিকেট , (৩) ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট , (৪) পরিবেশ অধিদপ্তরের সনদ পত্রের কপি দর প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

৮) উদ্ধৃত দর দরপত্র খোলার তারিখ হতে ৬০ (ষাট) দিন পযর্ন্ত বলবৎ যোগ্য হবে।

৯) কৃতকার্য দরদাতার দাখিলকৃত উদ্ধৃত মুল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ভ্যাট, আয়কর যুক্ত করে বিক্রয়াদেশ প্রদান করা হবে। বিক্রয়াদেশের মেয়াদকালীন সময়ে ভ্যাট ও আয়কর পরিবর্তন হলে, দরদাতাকে পরিবর্তিত হারে মূল্য পরিশোধ করতে হবে।

১০) কৃতকার্য দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত হিসেবে প্রদত্ত অর্থ 'কার্য সম্পাদন জামানত' হিসেবে সংরক্ষিত থাকবে এবং প্ল্যান্ট থেকে কার্য সম্পাদন সনদ প্রাপ্তি সাপেক্ষে অথবা চুক্তির মেয়াদান্তে উক্ত জামানত ফেরৎ প্রদান করা হবে। অকৃতকার্য দরদাতার ক্ষেত্রে, বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত ফেরত প্রদান করা হবে।

১১) বিক্রয়াদেশের মেয়াদ বিক্রয়াদেশ প্রদানের তারিখ হতে ০৩ (তিন) বছর পযর্ন্ত বলবৎ থাকবে। মেয়াদকালীন সময়ে প্ল্যান্টে বিক্রয়াদেশের উল্লেখিত মালামাল জমা না হলে উভয় পক্ষের সম্মতিক্রমে বিক্রয়াদেশের মেয়াদ বর্ধিত করা যেতে পারে।

১২) কৃতকার্য দরদাতাকে প্লান্টে জমা থাকা সাপেক্ষে তিন বছরে বারটি বা ততোধিক ইনডেন্ট প্রদান করা হবে এবং ইনডেন্ট প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ইনডেন্টকৃত মালামালের মূল্য এবং উক্ত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়করের অর্থ রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করতঃ ইনডেন্ট প্রাপ্তির সর্বোচ্চ ২১ (একুশ) দিনের মধ্যে প্লান্ট থেকে মালামাল অপসারণ করতে হবে।

১৩) ইনডেনটে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল অপসারণ করতে ব্যর্থ হলে, অগ্রহণকৃত মালামালের মূল্যের ১০% মূল্য জমাকৃত জামানত হতে বাজেয়াপ্ত করা হবে।

১৪) মালামাল সংশ্লিষ্ট স্থান হতে নিজস্ব পরিবহন ব্যবস্থায় নিজ দায়িত্বে বুঝে নিতে হবে।

১৫) প্রচলিত পরিবেশ আইন অনুযায়ী মালামাল পরিবহন ও ব্যবহার নিশ্চিত করতে হবে এবং মালামালের সঠিক পরিমাণ, সংগ্রহের সময় ট্যাংক লরী এর বিএসটিআই ক্যালিব্রেশন চার্ট অনুযায়ী উভয় পক্ষের প্রতিনিধির উপস্থিতিতে নির্ধারন করতে হবে।

১৬) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭) কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষন করে।

| নিলাম দরপত্র আহ্বানকারী | নিলাম দরদাতা : |
|---|---|
| নামঃ মোঃ সেলিম ভূঁইয়া | নামঃ |
| পদবীঃ নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল | পদবীঃ |
| স্বাক্ষরঃ | স্বাক্ষরঃ |
| তারিখঃ | তারিখঃ |

সংযুক্তি: ১

তারিখ:-----/-----/-----------খ্রিঃ

## গাজীপুর ১০৫ মেগাওয়াট এইচএফও ফায়ার্ড পাওয়ার প্ল্যান্ট এর ফার্নেস অয়েল স্লাজ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) অপসারণ করার নিমিত্তে প্রদত্ত দর দাখিলের ফরম

### প্যাকেজ নং:০১, লট নং:০১

| ক্রমিক নং | মালামালের নাম | পরিমান | একক | একক মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) | মোট মূল্য (টাকা) (কলাম:৩Xকলাম:৫) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ফার্নেস অয়েল স্লাজ | ১৮,৮৫,৩১৬ | লিটার | | |
| মালামালের মোট মূল্য | | | | অঙ্কে | |
| | | | | কথায় | |

*কৃতকার্য দরদাতার দাখিলকৃত উদ্ধৃত মুল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ভ্যাট, আয়কর যুক্ত করে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

| | |
|---|---|
| দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল | |
| তারিখ: | |

সংযুক্তি: ২

তারিখ:-----/-----/-----------খ্রিঃ

## রাউজান ২৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল পাওয়ার প্ল্যান্ট, চট্টগ্রাম এর ফার্নেস অয়েল স্লাজ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) অপসারণ করার নিমিত্তে প্রদত্ত দর দাখিলের ফরম

### প্যাকেজ নং:০১, লট নং:০২

| ক্রমিক নং | মালামালের নাম | পরিমান | একক | একক মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) | মোট মূল্য (টাকা) (কলাম:৩Xকলাম:৫) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ফার্নেস অয়েল স্লাজ | ৫,৪০,০০০ | লিটার | | |
| মালামালের মোট মূল্য | | | | অঙ্কে | |
| | | | | কথায় | |

*কৃতকার্য দরদাতার দাখিলকৃত উদ্ধৃত মুল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ভ্যাট, আয়কর যুক্ত করে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

| | |
|---|---|
| দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল | |
| তারিখ: | |